

গাড়ি চালানোর জন্য TLC ড্রাইভার'স
লাইসেন্সের আবেদনের নির্দেশিকা:

- মেডেলিওন ট্যাক্সিক্যাব (হলুদ)
- SHL গাড়ি (সবুজ) এবং
- ভাড়ার গাড়ির জন্য

ফি:

- কোনো ফি ফেরত দেওয়া হয় না – এর কোনো ব্যতিক্রম নেই
- লাইসেন্স: তিন বছরের লাইসেন্সের জন্য \$252.00
- মাদক পরীক্ষা: \$ 26.00
- আঙুলের ছাপ/ছবি: \$ 88.75
- 24 ঘন্টার ক্লাস: \$200-\$300
- পরীক্ষা: প্রতি প্রচেষ্টার জন্য \$75
- WAV ট্রেনিং: \$ 75
- আন্সুরক্ষামূলক ড্রাইভিং কোর্স: \$50-60

আর ও বেশি তথ্যের জন্য

দেখুন: [www.nyc.gov/
tlclicenseinfo](http://www.nyc.gov/tlclicenseinfo)

আবেদন করার জন্য এখানে

যান:

www.nyc.gov/lars

আপনাকে অবশ্যই অনলাইনে আবেদন
করতে হবে।

আপনি নিজে গিয়ে আবেদন করতে

TLC
ড্রাইভার' স
লাইসেন্স
আবেদন
গাইড

হলুদ ট্যাক্সি

সবুজ ট্যাক্সি

ভাড়ার গাড়ির জন্য

পূরণ করতে হবে
তথ্য

NYC Taxi & Limousine Commission
Division of Licensing
31-00 47th Avenue, 3rd Floor
Long Island City, NY 11101

NYC
Taxi & Limousine
Commission

গাড়ি চালানোর জন্য TLC ড্রাইভার'স লাইসেন্সের আবেদনের নির্দেশিকা: হলুদ ট্যাক্সি, সবুজ ট্যাক্সি, ভাডার গাড়ির জন্য

আবশ্যিকতা:

লাইসেন্স পেতে হলে আপনাকে নিম্নলিখিত আবশ্যিকতার সবগুলি পূরণ করতে হবে:

1. অন্তত 19 বছর বয়সী
2. বৈধ DMV শোফার'স লাইসেন্স- NY স্টেটের জন্য, এটি A, B, C, বা E শ্রেণী। অন্য স্টেটগুলোর জন্য চেক করুন।
3. পার্কিং বা DMV টিকেটের জন্য কোনো ঋণ না করা
4. আবেদন করার আগে 3 বছরের মধ্যে ডিফেন্স ড্রাইভিং কোর্স সম্পূর্ণ করুন
5. হুইলচেয়ার অ্যাক্সেসিবেল ট্রেনিং সম্পূর্ণ করুন
6. 24 ঘন্টার একটি কোর্স সম্পূর্ণ করুন এবং পরীক্ষায় পাস করুন
7. আপনার আবেদনের তারিখ থেকে 15 মাসের মধ্যে আপনার DMV লাইসেন্সের ক্ষেত্রে 6 এর বেশি পয়েন্ট থাকলে হবে না।
8. শারীরিকভাবে ফিট হতে হবে
9. মাদক পরীক্ষায় পাস
10. TLC ওয়েবসাইটে যৌন প্যাচার সচেতনতার ভিডিও দেখুন
11. আঙুলের ছাপ দিতে হবে আঙুলের ছাপ অপরাধমূলক কাজের ইতিহাস আছে কিনা তার জন্য পর্যালোচনা করা হবে
12. আবেদনের 90 দিনের মধ্যে সমাধান হবে না এমন কোনো অপরাধের অভিযোগ থাকলে হবে না।
13. কেবলমাত্র প্রসারিত লিমোজিন ড্রাইভারদের জন্য: 19A কর্মশিফাল ড্রাইভার'স লাইসেন্স

আবেদন করবেন না যদি:

গত বছরে আপনি:

1. 4 বা তার বেশি ট্র্যাফিক ক্রাশ করে থাকেন
2. একটি মোটর গাড়ির লাইসেন্সবিহীন কার্যকলাপের অভিযোগে দোষী সাব্যস্ত হয়ে থাকেন
3. TLC লাইসেন্স পাওয়ার জন্য ফিট নন বলে গণ্য হয়ে থাকেন (আবেদনের তারিখ থেকে এক বছর)
4. মাদক পরীক্ষায় পাস না করে থাকেন (মাদক পরীক্ষায় ব্যর্থ হওয়ার তারিখ থেকে এক বছর)

গত 3 বছরে আপনি TLC দ্বারা এইসব অভিযোগে দোষী সাব্যস্ত হয়েছেন:

1. মাদকাসক্ত বা প্রতিবন্ধী থাকার □□□ TLC লাইসেন্সপ্রাপ্ত গাড়ি চালানো
2. ঘুষ, প্রতারণা বা চুরি, বস্তুগত মিথ্যা বর্ণনা
3. হুমকি, হয়রানি, নির্যাতন, বা শারীরিক বলপ্রয়োগ
4. TLC লাইসেন্সপ্রাপ্ত গাড়ির মধ্যে অস্ত্র রাখা

গত 3 বছরে আপনার TLC লাইসেন্সের এইসব হয়েছে:

1. প্রত্যাহার করা হয়েছে (প্রত্যাহারের দিন থেকে 3 বছর)
বা
2. যখন প্রত্যাহারের অভিযোগ মূলতবি ছিল তখন আত্মসমর্পণ বা মেয়াদ উত্তীর্ণ হয়েছে (আত্মসমর্পণ বা মেয়াদ উত্তীর্ণ হওয়ার থেকে 3 বছর)

আপনার প্রয়োজনীয় নথিপত্র:

আপনাকে TLC তে নিচের সমস্ত নথি জমা দিতে হবে:

1. TLC ড্রাইভার'স লাইসেন্সের আবেদন (কেবলমাত্র অনলাইনে)
2. DMV ড্রাইভার'স লাইসেন্সের কপি
3. যদি DMV ড্রাইভার'স লাইসেন্স NY স্টেটের না হয় তাহলে স্টেটের বাইরের 90 দিনের মধ্যেকার DMV ড্রাইভিং রেকর্ড দিতে হবে
4. যদি NY স্টেটের DMV ড্রাইভার'স লাইসেন্স 1 বছরের কম সময়ের হয় তাহলে স্টেটের বাইরের অতি সাম্প্রতিক সময়ের DMV ড্রাইভিং রেকর্ড দিতে হবে
5. গত 3 বছরের মধ্যে যে ডিফেন্স ড্রাইভিং কোর্স সম্পূর্ণ করেছেন তার প্রমাণপত্র
6. লাইসেন্সপ্রাপ্ত চিকিতসক দ্বারা সম্পূর্ণ করা TLC মেডিক্যাল ফর্ম 90 দিনের বেশি পুরানো হলে চলবে না

সমস্ত নথিতেই আপনার নাম একই হওয়া

আবশ্যিক: সমস্ত নথিতেই আপনার নাম, মাকের নাম ও পদবি অবশ্যই একই হতে হবে।